# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ১৯. মানুষের সাথে মল্লযুদ্ধ

বাইবেলের বর্ণনায় ঈশ্বর সারা রাত ধরে যাকোবের (ইয়াকুব আ.) সাথে রেসলিং বা মল্লযুদ্ধ করেন!! শেষ রাতে যাকোব তাঁকে ছেড়ে দেন!! যাকোবের উরু ভঙ্গ করে ঈশ্বর মল্লযুদ্ধে জয়লাভ করেন। (আদিপুস্তক ৩২/২৪-৩০) এ মল্লযুদ্ধকে চিরস্থায়ী স্মৃতি হিসেবে সংরক্ষণের জন্য ঈশ্বর যাকোবের নাম পরিবর্তন করে 'ইস্রায়েল' বা 'ইসরাইল' নাম রাখলেন, যার অর্থ ঈশ্বরের সাথে মল্লযুদ্ধকারী!!! (আদিপুস্তক ৩২/২৮)।

পাঠক যদি আদিপুস্তকের ৩২ অধ্যায়ে এ গল্পটা (২৪-৩০ শ্লোক) পাঠ করেন তবে নিম্নের বিষয়গুলো জানতে পারবেন:

(ক) ঈশ্বর ও যাকোবের মধ্যে সারা রাত ব্যাপী মল্লযুদ্ধ হয়েছিল।

(খ) মল্লযুদ্ধে ঈশ্বর ও যাকোব কেউ কাউকে পরাস্ত করতে পারেননি।

(গ) মল্লযুদ্ধে জিততে না পেরে ঈশ্বর যাকোবের ঊরু ভেঙ্গে দিলেন।

(ঘ) এরপরও ঈশ্বর যাকোবের হাত থেকে নিজেকে ছাড়িয়ে নিতে পারেননি, ফলে তিনি বলেন, আমাকে ছাড়, কেননা প্রভাত হয়ে আসছে।

(ঙ) যাকোব বলেন, দোয়া না করলে তিনি তাঁকে ছাড়বেন না।

(চ) যাকোব ঈশ্বরের কাছে তাঁর নাম জানতে চান। দোয়া বা আশীর্বাদ চাওয়া থেকে প্রতীয়মান হয় যে, যাকোব ঈশ্বরকে চিনতে পেরেছিলেন। কিন্তু নাম জানতে চাওয়া থেকে প্রতীয়মান হয় যে, যাকোব ঈশ্বরকে চিনতে পারেননি।

(ছ) যাকোব মল্লযুদ্ধের স্থানের নাম রাখে 'পনূয়েল', অর্থাৎ 'ঈশ্বরের মুখ'; কারণ তিনি সেখানে ঈশ্বরকে সামনাসামনি দেখেছিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14286

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন